# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৮০০

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائِل وَالشَّمَائِل)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - নবী (সা.) -এর নামসমূহ ও গুণাবলি

اَلْفصْلُ الثَّالِثُ ( بَابِ أَسْمَاءِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصِفَاته)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: «إِنَّمَا أَنَا رَحْمَةٌ مُهْدَاةٌ» . رَوَاهُ الدَّارِمِيُّ وَالْبَيْهَقِيُّ فِي «شُعَبِ الْإِيمَانِ»

اسناده ضعیف ، رواه الدارمی (1 / 9 ح 15 و سقط منه ذکر ابی ھریرة رضی اللہ عنہ) و رواہ البیھقی فی شعب الایمان (1446 بدون سند و فی دلائل النبوۃ 1 / 158 ) [و البزار (3 / 114 ح 2369)] * الاعمش مدلس و عنعن فی حدیث ابی صالح و فی حدیث ابی ھریرۃ ولا شک بانہ صلی اللہ علیہ و آلہ وسلم رحمۃ مھداۃ و رحمۃ للعالمین و لکن ھذا السند لم یصح

বাংলা

৫৮০০-[২৫] আবূ হুরায়রাহ (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: নিশ্চয় আমি আল্লাহ তা’আলার পাঠানো অনুগ্রহ। (দারিমী, আর বায়হাক্বী’র শুআবূল ঈমান)

ফুটনোট

সহীহ: শুআবূল ঈমান ১৪০৪, দারিমী ১৫, সিলসিলাতুস সহীহাহ ৪৯০, সহীহুল জামি ২৩৪৫, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩১৭৮২, আল মুসতাদরাক লিল হাকিম ১০০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আল্লাহ তা'আলা আমাকে জগদ্বাসীর পথ নির্দেশ, হিদায়াত ও কল্যাণের জন্য প্রেরণ করেছেন। অতএব যে

ব্যক্তি এই দিক-নির্দেশনা গ্রহণ করবে, সে সফলতা ও কামিয়াবী অর্জন করে নাজাত পাবে। আর যে তা গ্রহণ করবে না, সে ক্ষতিগ্রস্ত ও ধ্বংস হবে। তাই তো আল্লাহ তা'আলা ঘোষণা দিয়ে বলেছেন: (وَ مَاۤ اَرۡسَلۡنٰکَ اِلَّا رَحۡمَۃً لِّلۡعٰلَمِیۡنَ) “আমি আপনাকে বিশ্ববাসীর জন্যে রহমতস্বরূপই প্রেরণ করেছি”- (সূরাহ আল আম্বিয়া- ২১: ১০৭)। (মিরকাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85776

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন